

স্নাতকোত্তর বাংলা অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা বিভাগ

কোর্স : বাংলা/পিজি/৪.৩

বিষয় : বাংলা কবিতা - পর্ব ২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

১। জীবনানন্দ দাশ তাঁর শ্রেষ্ঠ কবিতা বইয়ের শুরুতে তাঁর কবিতা যেভাবে পড়া হচ্ছিল সে সম্পর্কে স্পষ্ট অসম্মতি জানান। এই অসম্মতির যাথার্থ্য বিষয়ে তোমার ভাবনা জানাও। ১০

অথবা

২। জীবনানন্দ দাশের ‘অবসরের গান’ কবিতায় ভাঁড়ের উল্লেখের তাৎপর্য ঠিক কী বলে তোমার মনে হয়? তা কি কবিতার মূল বিষয় থেকে কিছুটা বিচ্ছিন্ন হয়ে থেকে যায়? এ বিষয়ে তোমার মতামত জানাও। ১০

৩। সুধীন্দ্রনাথ দত্তের মানসী প্রতিমা ‘ক্ষণিকা’ কীভাবে ‘শাশ্বতী’র চেতনায় উত্তরিত হয়েছে? তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ১০

অথবা

৪। “ফলত নিরালম্ব, নিঃসন্তান, নিঃস্ব আজি আমি;/ অন্তর্যামী/ সাধ ও সাধের ভেদ গোলায় কেবলই।”  
উদ্ধৃত কবিতাংশটির বক্তা কে? প্রসঙ্গ ও কবির সমকালীন প্রেক্ষাপট উল্লেখ করে কবির গ্রিক পুরাণ ব্যবহারের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

৫। প্রাক-আধুনিক যুগের থেকে আধুনিক যুগের মানুষ আদ্যন্ত ভিন্ন, সুধীন্দ্রনাথ দত্তের ‘উটপাখি’ কবিতাটি বিশ্লেষণ করে কবির এই ভাবের কারণ অন্বেষণ করো। ১০

অথবা

৬। সুধীন্দ্রনাথ দত্তের ‘শাশ্বতী’ এবং ‘প্রতীক’ কবিতার বিষয় কি একই? নাকি কবিতাদুটির অভিমুখ ভিন্ন - যুক্তিসহ আলোচনা করো। ১০

৭। বিচ্ছিন্নতা ও অপূর্ণতার অন্তহীন অনুভব থেকে ক্রমশ মানুষের মুখরিত ঐক্যে মুক্তির সন্ধান বিষ্ণু দে-র কবিতাবিশ্বের অন্যতম সূত্র - এই মন্তব্যের সারবত্তা কতটুকু? পঠিত কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

৮। ভারতীয় পুরাণের প্রয়োগ ‘পদধ্বনি’ কবিতার তাৎপর্য নির্মাণে কী ভূমিকা পালন করে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৯। সুভাষ মুখোপাধ্যায়ের কবিতা ‘ফুল ফুটুক’ পর্যায় থেকেই অনেকটা ব্যক্তিগত কাহিনির দিকে সরে আসতে থাকে। একে কি তুমি “আমাদের থাক মিলিত অগ্রগতি” বলা কবির বিশ্বাসের সরে আসার লক্ষণ বলে মনে কর? তোমার মত যুক্তি দিয়ে প্রতিষ্ঠা করো। ১০

অথবা

১০। সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম তিনটি কবিতার বইয়ের কবিতার মধ্যে কি কোনও পরিবর্তনের চিহ্ন দেখতে পাও, যাতে বইগুলির কোনও স্নাতক্য ধরা পড়ে? এই বিষয়ে তোমার বক্তব্য বুঝিয়ে দাও। ১০

